



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়গঞ্জ, সিরাজগঞ্জ
raigonj.sirajganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮৮৬১.০০০.১০.০৩৭.২৩- ৭৪

তারিখ : ১১ মাঘ ১৪৩০
২৫ জানুয়ারি ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রামপুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা-২০১৫ মোতাবেক রায়গঞ্জ উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশ (মহল্লাদার) এর শূন্যপদ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে উক্ত ইউনিয়ন/ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	ইউনিয়ন পরিষদের নাম	পদের নাম	শূন্য পদের সংখ্যা	ওয়ার্ড নং	শিক্ষাগত যোগ্যতা	শারীরিক যোগ্যতা	বয়সসীমা	বেতন
০১	০৩ নং খুবিল ইউ.পি	গ্রামপুলিশ (মহল্লাদার)	০২	৩ ও ৫	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল বা সার্টিফিকেট সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	পুরুষ প্রার্থীর ক্ষেত্রে : ১। সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি। ২। বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ও ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)। ৩। সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে : ১। সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট। ২। বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ও ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)। ৩। সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরকার কর্তৃক নির্ধারিত

শর্তাবলী :

- উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ বরাবর লিখিত আবেদনপত্র আগামী ১৫-০২-২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে (অফিস চলাকালীন সময়ে) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে।
- আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্ব স্ব ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রার্থী নিয়োগের ক্ষেত্রে স্ব স্ব ওয়ার্ডের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের যে কোন ওয়ার্ডের মধ্য হতে যোগ্য প্রার্থী নিয়োগ দেয়া হবে।
- আবেদনপত্রের সাথে যে কোন রাষ্ট্রীয় ব্যাংকের শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত : (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা(ওয়ার্ড নম্বরসহ) (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) শিক্ষাগত যোগ্যতা উল্লেখসহ প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র দাখিল করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার নামাঙ্কিত সীলমোহর থাকতে হবে।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রের উপরে কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয়।
- মহল্লাদার পদের বয়স (২৫/০১/২০২৪ তারিখে) ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদের বয়স একই হতে হবে। এ ক্ষেত্রে কোন তথ্য গোপন করলে বা জালিয়াতি প্রমাণিত হলে আবেদনপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।
- প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোহাম্মদ নাহিদ হাসান খান)
উপজেলা নির্বাহী অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

ফোন নং : ০১৭৩৩-৩৩৫০৩২


e-mail : uno.raigonj@yahoo.com

স্মারক নং-০৫.৪৩.৮৮৬১.০০০.১০.০৩৭.২৩-৭৪ (৫৫)

তারিখ : ২৫/০১/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ০২। উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ০৪। সহকারী কমিশনার (ভূমি), রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ০৫। উপজেলা অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
- ০৬। অফিসার ইনচার্জ, সলঙ্গা থানা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
- ০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। চেয়ারম্যান/সচিব ইউনিয়ন পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
- ০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ইউনিয়ন পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য)।
- ১০। অফিস কপি।


উপজেলা নির্বাহী অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ